স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্ত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে চৈত্র বুধবার ১৩৬৯ ইংরাজী 10th April, 1963 { ৪৬শ সংখ্যা







**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**সহরবাসীর অপূর্ব্ব সুযোগ**

আমাদের উপর আপনার চাউল তৈয়ারীর ভার দিন। আমরা নিজ তত্ত্বাবধানে ধান সেদ্ধ করাইয়া ভাতের চাল, মুড়ির চাল তৈয়ারী করাইয়া দিই। বিস্তৃত বিবরণের জন্য যোগাযোগ করুন। সৌরীন্দ্রমোহন চৌধুরী, রঘুনাথগঞ্জ ফাঁসীতলা অথবা মিঞাপুরের "দেবেন্দ্র চাউল ও আটা কলে।"

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে চৈত্র বুধবার সন ১৩৬৯ সাল।

# সভ্যতা ও সত্যতা

—০—

অধিকাংশ লোকেই বলে থাকে—দেশ আর অসভ্য নাই ক্রমে ক্রমে সকলেই সভ্যতার আলোক পেয়ে সভ্য হ'তে চলেছে। সাবেক চলনে কাউকে চল্‌তে দেখলেই তথা কথিত সভ্যরা তা'কে অসভ্য জ্ঞানে বলে থাকে—গরুর গাড়ীর যুগে যা' হ'তো এখন তা চলবে না।

আমরাও বলি সত্যি সত্যি তা চলবে না। এখন সভ্য জগতে খুব হুঁসিয়ার হ'য়ে চলতে হবে। এখন লোকের মান সম্মানের জ্ঞান হয়েছে। মর্য্যাদা জ্ঞানও যথেষ্ট। মর্য্যাদা জ্ঞানসম্পন্ন লোকের কাছে শুধু মান মর্য্যাদা নয়, ধন প্রাণ শুদ্ধ বাঁচাতে হ'লে সাবধানে চলা দরকার। আগে একজনের অভাবের সময় তার প্রতিবেশী তা'কে টাকা ধার দিত, বিনা দলিলে, বিনা লেখাপড়ায়, বন্ধক না নিয়ে; সাক্ষী থাকতেন—ভগবান, চন্দ্র, সূর্য্য, মা বসুমতী। সে টাকা যদি দেনাদার জীবন থাকতে পরিশোধ করতে না পারতো মরণকালে দশজনের সামনে ছেলে-মেয়েদের সঙ্গে পাওনাদারের মোকাবিলা ক'রে দিয়ে যেতো—উত্তরাধিকারীদের বলে যেতো আমার আত্মার শান্তির জন্য এই টাকা শোধ ক'রে দিও, নইলে আত্মার মুক্তি নাই। আজ লেখাপড়া ক'রে, সাক্ষী রেখে, দলিল রেজেষ্টারী করেও দেনা ফাঁকি দিবার কত যে কৌশল সভ্য জগত শিক্ষা দিয়েছে ও দিচ্ছে তার সীমা সংখ্যা নাই। অসভ্য যুগে দেনা তামাদি হ'তো না, এখন তামাদী করতে পারলে ব্যস্‌। অমনী! ইন্সল্‌ভেন্‌সি নিয়ে পাওনাদারকে রম্ভা প্রদর্শন এক অকাট্য কৌশল। তারপর ১ বৎসর কি দেড় বৎসর পর ইন্‌সল্‌ভেণ্ট আবার শেঠজী। অথচ সাবেক দেনা আর দিতে হবে না। কাজেই আমরা সভ্যতা দিয়ে সত্যতাকে ধ্বংস করিতে সিদ্ধহস্ত হয়েছি।

কেউ কাউকে বিশ্বাস করি না। সহোদরকে ফাঁকি দিবার অব্যর্থ আর্য্য স্বাধীন করা। রাস্তায় চল্‌তে হ'লে সঙ্গী পথিককে বিশ্বাস করা আর চলে না। আফিসে আফিসে লেখা আছে "পকেটমার হ'তে সাবধান" এক ভাষায় নয় দেশের চলিত সব ভাষায় সবকে সাবধান ক'রে দেওয়া হয়েছে। রেলের গাড়ীতে ছাপার অক্ষরে লিখে দিয়েছে মালের উপর নজর রাখো, নিজের টিকিট নিজে কেনো, ঠগ, জোচ্চোর, পকেটমার তোমার নিকটেই আছে। বলুন দেখিনি—কত সভ্য যুগ এটা। এটা সভ্যতার আলোক—তার ঔজ্জ্বল্য যে কত, তা বলবার নয়। চোখ বুজেছ কি সব লোপাট। সভ্যতা সত্যতাকে তফাৎ করে দিয়েছে। আদালতে সাক্ষী দিতে বা নালিশ করতে সত্যতা বা হলপ পাঠ করতে হয়—আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি—আমি যে এজাহার করবো তার সকল অংশ সত্য হবে কোন অংশ মিথ্যা হবে না। শেষ অবধি বিচারক এই সত্যতা পাঠযুক্ত সাক্ষ্য জেরার চোটে মিথ্যা এমন কি জল জিয়ন্ত মিথ্যা দেখে হলপকারীকে মিথ্যাবাদী ঘোষণা করে রায় দিতে বাধ্য হন। প্রতিজ্ঞা বা হলপের মূল্য সভ্যতার যুগে এইভাবে নির্দ্ধারিত হয়। তাই বলি সভ্যতার আলোকে সত্যতা ঝল্‌সিয়ে ছাই হ'য়ে গিয়েছে। সভ্যতা সত্যতাকে দেশ থেকে না তাড়িয়ে ছাড়বে না।

---

## অগ্নিকাণ্ডে ২২টি পরিবার সর্বস্বান্ত

রাণাঘাট মহকুমার হাসখালি থানার ফতেপুর গ্রামে সম্প্রতি এক ভীষণ অগ্নিকাণ্ডে ২২টি সম্পন্ন চাষী পরিবার সর্বস্বান্ত হইয়াছে; তাহাদের ৮০টি গৃহ ও সংসারের যাবতীয় জিনিষপত্র ধ্বংস হইয়াছে. ক্ষতির পরিমাণ লক্ষাধিক টাকা। রাণাঘাট মহকুমা শাসক তাহাদিগকে কম্বল, বস্ত্রাদি দিয়া সাহায্য করিয়াছেন।

---

## নিস্তা গ্রামে জলকষ্ট

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত নিস্তা গ্রামের প্রায় পুকুরই শুকাইয়া গিয়াছে। গ্রামে রেল লাইনের পার্শ্বে একটী নলকূপ ছিল, গত মাঘ মাস হইতে উহা খারাপ হইয়া গিয়াছে। বিভাগীয় কর্ত্তৃপক্ষের নিকট দীর্ঘকাল আবেদন করিয়াও কোন ফল হয় নাই। গ্রামের কিছুদূরে অবস্থিত 'কালীকুপ' নামীয় জলাশয়ের জলই গ্রামবাসী জনসাধারণের ও গৃহপালিত পশুগণের একমাত্র সম্বল হইয়াছে। বিশুদ্ধ পানীয় জলের জন্য গ্রামের নলকুপটী বিশেষ আবশ্যক। জঙ্গিপুর মহকুমার নলকূপ বিভাগ এ বিষয়ে উদাসীন কেন? গ্রামবাসীগণের দরখাস্তের তদন্ত করিবার ফুরসৎ পর্য্যন্ত হল না। সবাই যদি সাহেব হবে—কাজ করবে কে?

---

## ফাঁদ পাতিয়া তামার তার চুরি

সম্প্রতি দিনের বেলা দুবরাজপুর থানার অধীন পদমা গ্রামের কয়েকজন কৃষক পুষ্করিণী হইতে জল সেচনের সময় প্রায় ২/০ মণ চোরাই তামার তার পায়। পরে তাহারা পুলিশের নিকট সংবাদ পাঠাইয়া দূরে দাঁড়াইয়া থাকিয়া তার পাহারা দিতে থাকে। সন্ধ্যার সময় চোরাই চালানকারী দলের দুই ব্যক্তি আসিয়া পুষ্করিণী হইতে তামার তার লইয়া যাইবার উপক্রম করিলে গ্রামবাসীদের দ্বারা ধৃত হয়। পরে স্থানীয় পুলিশ তদন্ত চালাইয়া এক আন্তঃ জেলা তামার তার চোরা চালানকারীদের ৬ জনকে গ্রেপ্তার করে।

---

## বিশ্ব স্বাস্থ্য দিবস

গত ৭ই এপ্রিল রবিবার সন্ধ্যা ৬ ঘটিকার সময় জঙ্গিপুর হাসপাতাল প্রাঙ্গণে বিশ্ব স্বাস্থ্য দিবস প্রতিপালিত হয়। জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় স্থানীয় চিকিৎসকগণ, ভদ্রমহোদয়-গণ ও স্বাস্থ্য বিভাগের কর্ম্মচারিগণ যোগদান করিয়াছিলেন।

---

## টাইম টেবল

প্রতি ছয় মাস অন্তর রেল-কোম্পানীর ট্রেণ চলাচলের সময় পরিবর্ত্তন হয়। এবার ১লা এপ্রিল হইতে ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত নিম্ন মুদ্রিত সময়ে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে ট্রেণ চলাচল করিবে।

আপ ট্রেণ ( নিমতিতা অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭৯নং | আসে | ৯-৪৫ | ছাড়ে | ৯-৫৫ |
| ৩৩৩নং | ,, | ১৫-২৫ | ,, | ১৫-৩৫ |
| ৩৪৫নং | ,, | ২০-৫৫ | ,, | ২১-০৫ |
| ৩৪৭নং | ,, | ২-২৬ | ,, | ২-৩৬ |

ডাউন ট্রেণ ( হাওড়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩৪নং | আসে | ৬-১৭ | ছাড়ে | ৬-২৭ |
| ৩৪৬নং | ,, | ১২-৪২ | ,, | ১২-৫২ |
| ৩৮০নং | ,, | ১৭-৫৯ | ,, | ১৮-০৯ |
| ৩৪৮নং | ,, | ২৩-৩৯ | ,, | ২৩-৪৯ |

## মেডিক্যাল ইউনিট আবশ্যক

গত কয়েক বৎসর হইতে রঘুনাথগঞ্জ থানার দফরপুর ইউনিয়নে একটী মেডিক্যাল ইউনিট প্রতিষ্ঠিত হইয়াছিল। এই প্রতিষ্ঠান হইতে দফরপুর ইউনিয়ন ও পার্শ্ববর্ত্তী ইউনিয়নের দুঃস্থ ও মধ্যবিত্ত পরিবারের রোগিগণকে রোগ পরীক্ষা করিয়া ঔষধ দেওয়া হইত। গত ১৯৬২ সালের আগষ্ট মাস হইতে এই ইউনিট মিঠিপুর ইউনিয়নে স্থানান্তরিত হইয়াছে। দফরপুর ইউনিয়নের অধিবাসীবৃন্দ চিকিৎসক ও ঔষধ হইতে বঞ্চিত হইয়া খুব অসুবিধায় পড়িয়াছে। ইউনিয়নের প্রেসিডেণ্ট মহাশয় ইহা পুনঃ প্রবর্ত্তনের জন্য মুর্শিদাবাদ জেলার চীফ মেডিক্যাল অফিসার মহোদয়ের নিকট আবেদন করেন। তিনি শীঘ্র ইহার ব্যবস্থা করিবার আশ্বাস দিয়াছিলেন। বহুদিন গত হইতে চলিল ইউনিট চালু হওয়ার কোন আশা না দেখিয়া উক্ত ইউনিয়নের গরীব অধিবাসিগণের পক্ষ হইতে আমরা এ বিষয়ে মুর্শিদাবাদ জেলার চীফ মেডিক্যাল অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## গ্রাম্য স্বেচ্ছা-সেবা বাহিনীর শিক্ষা কেন্দ্র

গত ৯ই এপ্রিল মঙ্গলবার বাড়ালা রামদাস সেন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গ্রাম্য স্বেচ্ছা-সেবা বাহিনীর শিক্ষা-কেন্দ্রের উদ্বোধন হইয়াছে। উদ্বোধনী সভায় শ্রীঅম্বিকাচরণ দাস এম-এল-এ মহাশয় সভাপতিত্ব করেন। সভায় রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বি-ডি-ও, বাড়ালা রামদাস সেন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মঃ সোহরাব, শ্রীপরেশ নন্দী এ-ই-ও, শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল, প্রেসিডেণ্ট, জামুয়ার ইউনিয়ন, শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়, প্রেসিডেণ্ট দফরপুর ইউনিয়ন, শ্রীকালীকুমার চট্টোপাধ্যায়, গনকর ও অন্যান্য ভদ্রলোকগণ উপস্থিত ছিলেন। এই কেন্দ্রে ১০৬ জনকে শিক্ষা দেওয়ার ব্যবস্থা হইয়াছে।

## ধুলিয়ানে পাট গুদামে আগুন

গত ৩রা এপ্রিল সন্ধ্যার সময় ধুলিয়ান বাজারের অন্যতম ধনী ব্যবসায়ী শ্রীওঝার পাটের গুদামে অগ্নিকাণ্ডের সৃষ্টি হয়। বলা বাহুল্য অগ্নি নির্ব্বাপণের সকল প্রকার প্রচেষ্টাকে ব্যর্থ করিয়া বৈশ্বানরের রুদ্র লীলা চলিতে থাকে। নিরুপায় হইয়া এই ভয়াবহ ঘটনার বিষয় জেলা সমাহর্ত্তার গোচরে আনিয়া সাহায্য প্রার্থনা করা হয়। তদনুযায়ী জেলা সমাহর্ত্তা শ্রীগুহ রেডিওগ্রামে কলিকাতার সহিত যোগাযোগ করিয়া অগ্নি নির্ব্বাপণের ব্যবস্থার জন্য জানান। ৪ঠা এপ্রিল অতি প্রত্যুষে কাঁচড়াপাড়া হইতে দুইখানি দমকল ধুলিয়ান ঘটনাস্থলে উপনীত হয় এবং অত্যন্ত দক্ষতার সহিত অক্লান্ত পরিশ্রমে অগ্নিকে আয়ত্তে আনয়ন করে। তবে অনেক পরে উহাকে সম্পূর্ণরূপে নির্ব্বাপিত করিতে সফলকাম হয়। সংবাদে প্রকাশ কোন প্রাণহানি হয় নাই বা দমকলের তৎপরতায় এই অগ্নি বিস্তার লাভ করিতে পারে নাই। দমকল বাহিনীর এইরূপ দক্ষতা প্রত্যক্ষ করিতে ৮।১০ মাইল দূর হইতেও লোক জড় হয়। প্রাচীন প্রত্যক্ষ দর্শীদের মতে এইরূপ ভয়াবহ অগ্নিকাণ্ড সাম্প্রতিককালে ঘটে নাই।

## আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী শততম জন্মজয়ন্তী কমিটি গঠন

আগামী ১৯৬৪ সালের আগষ্ট মাসে বাংলার দিকপাল মনস্বী আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর শততম জন্মজয়ন্তী অনুষ্ঠিত হইবে। পশ্চিমবঙ্গ ব্যাপী এই অনুষ্ঠান সাফল্যমণ্ডিত করিবার উদ্দেশে ১৯শে মার্চ্চ রাইটার্স বিল্ডিংসের রোটাণ্ডা হলে পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী রায় শ্রীহরেন্দ্রনাথ চৌধুরীর সভাপতিত্বে ও বাঙ্গালা দেশের বিশিষ্ট জনমণ্ডলীর উপস্থিতিতে নিম্নলিখিত সভ্যবৃন্দকে লইয়া একটি কার্য্যকরী কেন্দ্রীয় সমিতি গঠিত হইয়াছে।

প্রধান পৃষ্ঠপোষক—শ্রীঅতুল্য ঘোষ।

সভাপতি—মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন।

সহ-সভাপতি—ডঃ রাধাকুমুদ মুখোপাধ্যায়, রাজা রাও ধীরেন্দ্রনারায়ণ রায়, মন্ত্রী জনাব ফজলুর রহমান, সাহিত্যিক সরোজ রায়চৌধুরী, রাষ্ট্রমন্ত্রী সৌরীন্দ্রমোহন মিশ্র, রাষ্ট্রমন্ত্রী বিজেশচন্দ্র সেন, উপমন্ত্রী মহারাণী রাধারাণী মহাতাব, উপমন্ত্রী সৈয়দ কাজেমআলী মির্জ্জা, অধ্যক্ষ রমণীমোহন রায়, অধ্যক্ষ রামচন্দ্র পাল, ডঃ অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়, কবি সাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায়।

কার্যকরী সভাপতি—শিক্ষা উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়

সাধারণ সম্পাদক—শ্রীমনোজ দত্ত

সম্পাদকগণ—অধ্যাপক চিত্ত মাইতি, শ্রীশঙ্কর বন্দ্যোপাধ্যায়, শ্রীসত্য সাঁই, শ্রীগোপেন লাহিড়ী, শ্রীবৃন্দাবনচন্দ্র সিংহ।

কোষাধ্যক্ষ—কুমার জগদীশ সিংহ

সভ্যগণ—শ্রীজগদানন্দ বাজপেয়ী, শ্রীদুর্গাপদ সিংহ, শ্রীকমল বন্দ্যোপাধ্যায়, শ্রীঅম্বিকা দাস, শ্রীবামনদাস মণ্ডল, শ্রীবিধায়ক ভট্টাচার্য, শ্রীপ্রমোদ-কুমার ধর, শ্রীগণেশচন্দ্র ত্রিবেদী, শ্রীসুধীর সাহা, শ্রীগিরিজামোহন দত্ত, শ্রীরাধাকান্ত হাজরা, শ্রীকল্পনা বসু প্রমুখ।

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে, সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

**সারিবাদ্যাসব**

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলিঃ 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

—দ্বারা—

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

**চ্যবনপ্রাশ**

নিয়মিত সেবনে শ্বাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়।

প্রাপ্তিস্থান—
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত